সংবাদ

তারিখ ... 2-9-JUN-2016...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৮...

# উচ্চ শিক্ষার মানোন্নয়নসহ ৮ প্রকল্প একনেকে অনুমোদন

নিজস্ব বার্তা পরিবেশক

বিশ্বব্যাংকের সহায়তায় দেশের উচ্চশিক্ষার মানোন্নয়নে ১ হাজার ৪০ কোটি টাকার উন্নয়ন প্রকল্পসহ মোট ৮টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এতে মোট ব্যয় হবে ৪ হাজার ৬০৬ কোটি ৬০ লাখ টাকা। এর মধ্যে সরকারি অর্থায়ন ৩ হাজার ৮০৬ কোটি ৬০ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৮০০ কোটি প্রকল্প : পৃষ্ঠা : ২ ক : ৫

## প্রকল্প : অনুমোদন

(১৬ পৃষ্ঠার পর)

টাকা। গতকাল রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় এ প্রকল্পগুলোর অনুমোদন দেয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সভা শেষে পরিকল্পনামন্ত্রী আহম মুস্তফা কামাল বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়নে 'কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট' প্রকল্পটি অনুমোদন দেয়া হয়েছে। এতে ব্যয় হবে ১ হাজার ৪০ কোটি টাকা। এর মধ্যে বিশ্বব্যাংক দেবে ৮০০ কোটি টাকা। প্রকল্পটি জুলাই ২০১৬ থেকে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়িত হবে। উন্নয়ন প্রকল্পের মধ্যে শিক্ষার স্ট্র্যাটেজিক প্ল্যান, সংস্কার ও কৌশল নির্ধারণ, কলেজগুলোর ব্যবস্থাপনা ক্যাপাসিটি শক্তিশালীকরণ, শিক্ষা নিয়োগে ব্যবস্থাপনা পদ্ধতি উন্নতকরণ ও অনার্স মাস্টার্স কোর্সের শিক্ষণ-শিক্ষা পদ্ধতি উন্নতকরণ করা হবে।

তিনি বলেন, উচ্চশিক্ষার চাহিদা দিন দিন বাড়ছে। এই প্রকল্পের মাধ্যমে কলেজ সংখ্যা বাড়ানো হবে। এই মুহূর্তে মানসম্মত শিক্ষার উপর অধিক গুরুত্ব দিচ্ছে সরকার। এজন্য প্রকল্প ২০১৯ সালের মধ্যে শেষ করার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন।

মুস্তফা কামাল বলেন, দীর্ঘমেয়াদি ভাবনায় প্রত্যেকটি জেলা সড়ক ও মহাসড়ক চার লেনে নির্মাণ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ লক্ষ্যে পাঁচদোনা-ডাঙ্গা-ঘোড়াশাল সড়ক উন্নয়ন প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে। এতে ব্যয় ধরা হয়েছে ২৬৯ কোটি ৮১ লাখ টাকা। তিনি বলেন, এখন থেকে প্রত্যেকটি জেলা সড়ক ও মহাসড়ক চার লেনে রূপান্তর করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী।